



১২ বছর পর বাড়ি ফিরল এক মহিলা

মুম্বাইয়ের শ্রদ্ধা নামে এক সংগঠনের কর্মী পলি দাস উত্তর চব্বিশ পরগনা জেলার আমডাঙ্গা থানার বাসিন্দা এক মানসিক ভারসাম্যহীন মাঝ বয়সী মহিলাকে রবিবার মুম্বাই থেকে আমডাঙ্গা থানায় নিয়ে এসে পুলিশের সহযোগিতায় তার পরিবারের সদস্যদের হাতে তুলে দিলো। পরিবারের সদস্যরা জানান প্রায় ১২ বছর আগে ওই মহিলার মানসিক সমস্যা থাকায় হঠাৎ একদিন বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায় তারপর থেকে আর কোনও খোঁজ পাওয়া যায়নি।